



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.১৮.১২.১৯(অংশ),৭১

তারিখঃ ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কোভিড-১৯ ভ্যাকসিন পেতে “সুরক্ষা” সিস্টেমে অনলাইনে নিবন্ধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারী মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ইতোমধ্যে জাতীয় ভ্যাকসিন প্রয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। কোভিড-১৯ ভ্যাকসিন পেতে নিবন্ধনের জন্য সরকার ইতোমধ্যে surokkha (সুরক্ষা) নামে একটি ওয়েব অ্যাপলিকেশন চালু করেছে।

০২। এমতাবস্থায়, উদ্দিষ্ট জনগোষ্ঠীর অংশ হিসেবে আইন ও বিচার বিভাগ এবং এর সাথে সম্পর্কিত প্রতিষ্ঠান, অধস্তন আদালত, অধিদপ্তর, দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং অন্যান্য ব্যক্তিবর্গকে কোভিড-১৯ ভ্যাকসিন পেতে www.surokkha.gov.bd নামের ওয়েবসাইটে প্রবেশ করে “সুরক্ষা” সিস্টেমে অনলাইনে আগামী ০৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে নিবন্ধন সম্পন্ন করার অনুরোধ করা হলো।

A. Hossain

(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন: ৯৫৭৭৪২০

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। চীফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
- ৩। সরকারি কৌশলী/ পাবলিক প্রসিকিউটর ... (সকল)।
- ৪। সভাপতি/ সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি ... (সকল)।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি-জেনারেল এর কার্যালয়, ঢাকা।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৫। বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল মহোদয়ের একান্ত সচিব, অ্যাটর্নি-জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা [বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।